মেহেরপুরের আমঝুপিতে অ্যাড. কামরুল হাসানের গনসংযোগ

মেহেরপুর সদর উপজেলার আমঝুপিতে জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসানের নেতৃত্বে এক পথসভা ও গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে। শনিবার (১৮ অক্টোবর) বিকেল ৫ টার সময় আমঝুপি বাজারে এ পথসভা অনুষ্ঠিত হয়।

পথসভা শেষে বিশাল লোকসমাগম নিয়ে অ্যাডভোকেট কামরুল হাসান গণসংযোগ কর্মসূচি শুরু করেন। এ সময় তিনি স্থানীয় জনগণের হাতে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফা দাবি সম্বলিত লিফলেট বিতরণ করেন এবং এলাকাবাসীর সঙ্গে মতবিনিময় করেন।

সাবেক সদর থানা যুবদল সভাপতি হাসিবুল ইসলাম স্বপন এর সভাপতিত্বে এ সময় উপস্থিত ছিলেন জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সাবেক সদস্য আলমগীর খান ছাতু, সদস্য আবু সালেহ নাসিম ও খাইরুল বাশার, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, রোমানা আহমেদ, সদর উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ মোহাম্মদ, সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, পৌর বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, জেলা জাসাসের সদস্য সচিব বাকা বিল্লাহ, জেলা শহীদ জিয়া স্মৃতি সংসদের সভাপতি আলিফ আরাফাত খান, জেলা যুবদলের সহ-সভাপতি মোশারফ হোসেন তপু, সদর উপজেলা আহ্বায়ক লিয়াকত আলী, আমদহ ইউনিয়ন বিএনপির সভাপতি ইলিয়াস হোসেন ও সাধারণ সম্পাদক সাব্বির হোসেন, পিরোজপুর ইউনিয়ন বিএনপির সভাপতি আতিয়ার রহমান ও সাধারণ সম্পাদক মিন্টু হোসেন, জেলা যুবদলের সদস্য মেহেদী হাসান রোলেক্স, বিএনপি নেতা নাহিদসহ বিভিন্ন ইউনিয়নের ওয়ার্ড পর্যায়ের নেতাকর্মী ও অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ।

পথসভা ও গণসংযোগকে কেন্দ্র করে আমঝুপি এলাকায় উৎসবমুখর পরিবেশ লক্ষ্য করা যায়। স্থানীয়দের অংশগ্রহণে এ কর্মসূচি প্রাণবন্ত হয়ে ওঠে।

মেহেরপুর ১ আসনে স্বতন্ত্র প্রার্থী জয়নাল আবেদীন পক্ষে গনসংযোগ

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে মেহেরপুর ১ আসনের স্বতন্ত্র প্রার্থী মোঃ জয়নাল আবেদীন পক্ষে গনসংযোগ করা হয়েছে।

আজ সোমবার (১৮ ডিসেম্বর) বিকেলে থেকে রাত পর্যন্ত মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর ইউনিয়ন ও আমঝুপি ইউনিয়নের বিভিন্ন গ্রামে এ গনসংযোগ করা হয়।

গণসংযোগের নেতৃত্ব দেন ইসলাম হোসেন। এসময় তার সাথে ফকির মোহাম্মদ ও অন্যান্য নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।
এসময় তারা বিভিন্ন শ্রেণী পেশার মানুষের কাছে ঈগল মার্কায় ভোট ও দোয়া চান।

চুয়াডাঙ্গা- ২ আসনের জাহাঙ্গীর আলমের গনসংযোগ

আসন্ন জাতীয় সংসদ নির্বাচন কে সামনে রেখে রাতদিন ছুটছেন ভোটারদের দ্বারে দ্বারে। চুয়াডাঙ্গা-২ আসনের স্বতন্ত্র এমপি প্রার্থী জাহাঙ্গীর আলম। তাঁরই ধারাবাহিকতায় হাউলী ইউনিয়নের বিভিন্ন গ্রামে গনসংযোগ করেন চুয়াডাঙ্গা-২ আসনের স্বতন্ত্র এমপি প্রার্থী জাহাঙ্গীর।

গনসংযোগ কালে তিনি বলেন, আমি যদি এমপি হতে পারি তাহলে আপনাদের সেবক হিসেবে মুরুব্বিদের দিক নির্দেশনায় চুয়াডাঙ্গা ২ আসনের এলাকাবাসীর ভাগ্য উন্নয়নের লক্ষ্যে সর্বদাই জনগণের পাশে থেকে কাজ করে যাবো। তাই আপনাদের দোয়া ও সমর্থন কমনা করছি। আমি নির্বাচনী এলাকার অসহায় ও সাধারণ মানুষের পাশে সবসময়ই থাকবো।

নির্বাচনী বিষয়ে অনেকে বলেন, তিনি বিভিন্ন সময়ে সাধারণ মানুষের পাশে দাড়ান, অনেক মানুষের পাশে দাড়িয়ে সাহায্য সহযোগিতা করেন। তিনি একদম সাধারণ মানুষের মতো চলাফেরা করে সাধারণ মানুষের মন জয় করে ফেলেছেন। যার কারণে তাকে এলাকাবাসী সমর্থন জানিয়ে তার পক্ষে কাজ করার অঙ্গীকার করে বিভিন্ন জায়গায় গণসংযোগ করেন প্রচার প্রচারণা করেন।

এদিকে স্থানীয় সুচিল সমাজ তারপক্ষে এককভাবে সমর্থন জানিয়ে তাকে মাঠে থাকার পরামর্শ প্রদান করেন এবং নির্বাচনী কার্যক্রম চালাতে বলেন। সাধারণ জণগণের বক্তব্যে বোঝা যায় সামনের দ্বাদশ সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-২ আসনের সর্বস্তরের জনগণ মোঃ জাহাঙ্গীর আলমকে সতন্ত্র প্রার্থীকে ভোট দিয়ে নির্বাচিত করবেন।

মুজিবনগরে সাবেক সংসদ সদস্য আবদুল মান্নানের গনসংযোগ

স্মার্ট বাংলাদেশ গড়ার স্বপ্ননিয়ে প্রধানমন্ত্রীর বার্তা পৌঁছে দিতে মুজিবনগরের উপজেলার বিভিন্ন স্থানে সাবেক সংসদ সদস্য প্রফেসর আবদুল মান্নান গণসংযোগ করেন।

আজ শুক্রবার (১৩ অক্টোবর) মুজিবনগর উপজেলার মোনাখালি, দারিয়াপুর, পুরনতোপুর,নাজিরাকুনি, ভবেরপাড়া, সোনাপুর, মাঝের পাড়া, কেদারগন্জ ও বল্লভপুর গণসংযোগ করেন তিনি।

এই সময় উপস্থিত ছিলেন ইউপি সদস্য রফিকুল ইসলাম, দিলীপ, জাহাঙ্গীর আলী, ওয়ার্ড আওয়ামীলীগের নেতা আলী আরশাদ, লাবলুমিয়া সহ উপজেলার স্থানিয় আওয়ামীলীগের নেতৃবৃন্দ।

এছাড়াও উপস্থিত ছিলেন খালেদুজ্জামান খাঁন ডালিম, মির্জা গালিব, মিরাজুল ইসলাম, সাইদুর রহমান, হুমায়ূন কবির বাবু, মুসাদ আলি সহ অনেক নেতাকর্মী।

মেহেরপুরে সাবেক সংসদ সদস্য আব্দুল মান্নানের গনসংযোগ

স্বাধীন বাংলাদেশ বিনির্মাণে,বঙ্গবন্ধুর স্বপ্ন পূরনের পথে জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে স্মার্ট বাংলাদেশ আগামীর পথে বিস্ব মানচিত্রে অভিভূত সাফল্য তুলে ধরতে সাবেক সংসদ সদস্য প্রফেসর আব্দুল মান্নান গণসংযোগ করেন।

আজ মঙ্গলবার (১০ অক্টোবর) মেহেরপুর সদর উপজেলার রায়পুর,কোলা,দফরপুর, চাঁদবীল ও ময়ামারীতে গণসংযোগ করেন তিনি।

সাবেক সংসদ সদস্য প্রফেসর আব্দুল মান্নানের নেতৃত্বে গনসংযোগকালে খালেদুজ্জামান খাঁন ডালিম,হুমায়ূন কবির বাবু, সাজেদুর রহমান সাজু, মির্জা গালিব উজ্জ্বল,মিরাজুল ইসলাম, সেলিম রেজা,শেরেফুল ইসলাম,রকিবুল ইসলাম বাবু, নয়ন আহামেদ, মিঠু, রবিউল ইসলাম, আনোয়ার হোসেন রাজু,আব্বাস উদ্দিন,শেখ কায়সার হামিদ বুলবুল,ইকবাল হোসেন,আসাব উদ্দিন,মতিয়ার, বকুল আহামেদসহ বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

বর্তমান সরকারের উন্নয়ন নিয়ে কুষ্টিয়ায় গনসংযোগ ডা: আমিনুল হক রতনের

বর্তমান সরকারের উন্নয়ন এবং মুক্তিযুদ্ধের চেতনার ধারাবাহিকতা রক্ষার জন্য কুষ্টিয়া সদর উপজেলার বিভিন্ন এলাকায় গনসংযোগ ও মতবিনিময় করেছেন কুষ্টিয়া জেলা আওয়ামী লীগের সহসভাপতি ও বিএমএ কুষ্টিয়ার শাখার সাধারণ সম্পাদক ডা. এ এফ এম আমিনুল হক রতন।